4

দৈনিক ইনকিলাব

তারিখ 01 NOV 1994
পৃষ্ঠা ৮১ কলাম ৬

বিআইআইটির সেমিনার

# ইসলামী ভার্সিটিকে আন্তর্জাতিক মানে উন্নীত করুন

॥ বিশেষ সংবাদদাতা ॥

গত রোববার ঢাকায় অনুষ্ঠিত 'বিশ্ববিদ্যালয়ে কারিকুলাম' শীর্ষক এক সেমিনারে বক্তাগণ ইসলামী বিশ্ববিদ্যালয়ের মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত করে এর নামকরণ আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় করার আহবান জানিয়েছেন। বাংলাদেশ ইনস্টিটিউট অব ইসলামিক থট (বিআইআইটি) আয়োজিত এই সেমিনারে ইসলামী বিশ্ববিদ্যালয়ের মানোন্নয়নে বিশেষ ভূমিকা রাখার জন্য ওআইসি এবং আইডিবির প্রতিও আহবান জানানো হয়েছে।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য অধ্যাপক মোশাররফ হোসেন খানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সেমিনারে প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দীন সরকার। এতে মূল প্রবন্ধ পাঠ করেন বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের সদস্য অধ্যাপক মোহাম্মদ আজহারউদ্দীন, আলোচনায় অংশ নেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এম এ হামিদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রফেসর আবু সালেহ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রফেসর সৈয়দ আবদুল হাই, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর খন্দকার মফিজুল মান্নান এবং নিউ নেশন পত্রিকার সম্পাদক জনাব আলমগীর মহিউদ্দীন।

সেমিনারে বক্তাগণ ইসলামী শিক্ষা এবং বিজ্ঞান ও আধুনিক শিক্ষার মধ্যে সমন্বয় সাধনের উদ্দেশে বিশ্ববিদ্যালয় সিলেবাসের আমূল সংস্কারের আহবান জানান।